

জরুরী গ্যাস নিয়ন্ত্রণ বিভাগাধীন জরুরী গ্যাস নিয়ন্ত্রণ শাখা-উত্তর এবং দক্ষিণ-এর জরুরী অভিযোগ কেন্দ্র, কোম্পানির কল সেন্টার ও ওয়েবসাইট এর কমপ্লেইন পোর্টাল-এ প্রাপ্ত অভিযোগের প্রেক্ষিতে অভিযোগসমূহ তাৎক্ষণিকভাবে সমাধানের জন্য দিন/রাত ২৪ ঘন্টা মোট ২৭ টি জরুরী দল এবং ক্ষতিগ্রস্ত পাইপলাইন প্রতিস্থাপনের জন্য একটি ঠিকাদারি প্রতিষ্ঠান নিয়োজিত আছে। সম্ভাব্য সকল দুর্ঘটনা মোকাবেলা এবং সম্মানিত গ্রাহকদের আঙিনায় নিরাপদ ও সুষ্ঠু গ্যাস সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে গ্রাহকদের সর্বশেষ অভিযোগে দ্রুততম সময়ের মধ্যে উপস্থিত হয়ে প্রয়োজনীয় কাজ সম্পন্ন করা হয়। ২০২৩-২৪ এবং ২০২৪-২৫ অর্থবছরে গৃহীত জরুরি কলের সংখ্যা তথা জরুরি দল কর্তৃক গ্রাহক আঙিনায় উপস্থিতির পরিসংখ্যান নিম্নরূপ:

কলের ধরণ	২০২৩-২০২৪	২০২৪-২০২৫
অগ্নি দুর্ঘটনা	১৮৭	২৪৪
গ্যাস লিকেজ	৬১০৫	৪৯০০
গ্যাসের স্বল্প চাপ	১৭৫	২৫২
গ্যাস না থাকা	১৬৫০	২২৭৪
অন্যান্য	১০৭৪	৬৮৩
মোট	৯১৯১	৮৩৫৩